জাতীয় পর্যায়ে ইনোভেটিভ ও পারফরম্যান্স অ্যাওয়ার্ড পেলেন সাকিব বিশ্বাস

বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের ৫০তম বার্ষিক কাউন্সিল সভায় জাতীয় পর্যায়ে ইনোভেটিভ ও পারফরম্যান্স অ্যাওয়ার্ড পেয়েছেন চুয়াডাঙ্গার দেশসেরা রোভার স্কাউট আল মুতাকাব্বির সাকিব বিশ্বাস।

শনিবার সকাল ১০টায় গাজীপুরের বাহাদুরপুরে রোভার স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের আয়োজনে এ কাউন্সিল সভা অনুষ্ঠিত হয়।

রোভার স্কাউট আন্দোলনের উন্নয়ন ও সম্প্রসারণ, নতুনত্বপূর্ণ কার্যক্রম এবং স্কাউটিংয়ে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ তাকে এ পুরস্কার দেওয়া হয়। পাশাপাশি রোভার স্কাউটদের উদ্ভাবনী, সেবামূলক ও নেতৃত্বমূলক কর্মকাণ্ডে উৎসাহিত করার লক্ষ্যে এ অ্যাওয়ার্ড প্রদান করা হয়।

অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের সহসভাপতি প্রফেসর এ এইচ এ ছালেক (এলটি)। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের কমিশনার ও মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. খান মঈনুদ্দিন আল মাহমুদ সোহেল। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের সম্পাদক ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের উপপরীক্ষা নিয়ন্ত্রক আবুল খায়ের সরকার এবং রোভার অঞ্চলের কোষাধ্যক্ষ প্রফেসর এ কে এম সেলিম চৌধুরী।

৫০তম বার্ষিক কাউন্সিল সভায় চুয়াডাঙ্গা জেলা রোভারের পক্ষ থেকে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ ও জেলা রোভারের কমিশনার প্রফেসর ড. এ কে এম সাইফুর রশীদ এবং জেলা রোভারের সম্পাদক আব্দুর মুকিত জোয়ার্দ্দার।

উল্লেখ্য, আল মুতাকাব্বির সাকিব বিশ্বাস চুয়াডাঙ্গা সরকারি কলেজের হিসাববিজ্ঞান বিভাগের শিক্ষার্থী। তিনি চুয়াডাঙ্গা সদর উপজেলার হায়দারপুর গ্রামের শহিদুল ইসলাম ও সাবিনা ইয়াছমিনের

একমাত্র ছেলে। ২০২৬ সালে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর আয়োজিত জাতীয় শিক্ষা সপ্তাহে তিনি দেশসেরা রোভার স্কাউট হিসেবে মনোনীত হন। এবার জাতীয় পর্যায়ে ইনোভেটিভ ও পারফরম্যান্স অ্যাওয়ার্ড অর্জনের মধ্য দিয়ে আরও একটি সাফল্য যুক্ত হলো তার ঝুলিতে।